# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯,ফ্যাক্স-৭১০১৮৩
E-mail: info@chittagongchamber.com, website.www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-৩৫ ০২ মে ২০১৭ ইং

সকল সদস্যের প্রতি ঃ
(নথি নং ৩৬.০২.০২৫.০২.০১.০৭৮.২০১৭/৫২৪(২২) তারিখঃ ২৬-০৪-২০১৭ খ্রিঃ)

বিষয় ঃ **প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসংগে।**

ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (স্কিটি) (বাড়ী # ২৪/এ, রোড # ১৩/এ, সেক্টর # ৬, উত্তরা, ঢাকা-১২৩০ (ফোনঃ৭৯১১৯৪৮, ৮৯৩৩৬৬১) আগামী ১৪-০৫-২০১৬ খ্রিঃ থেকে ১৮-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ড় সপ্তাহব্যাপী "নারী উদ্যোক্তা উন্নয়ন" শীর্ষক ০১ (এক) টি কোর্স পরিচালনা করতে যাচ্ছে। আমাদের দেশে যুব নারীদের অনেকেই আছেন যারা নতুন শিল্প/ব্যবসা শুর" করতে চান অথবা স্বল্প পুঁজিতে কিভাবে তা করতে হবে তার যথাযথ নির্দেশনা পাচ্ছেন না এবং যারা শিল্প/ব্যবসা শুর" করেছেন কিন্তু সঠিকভাবে চালাতে পারছেন না তাদের জন্য "নারী উদ্যোক্তা উন্নয়ন" কোর্সটি প্রণয়ন করা হয়েছে।

কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক উদ্যোক্তাগণের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস. এস. সি. পাশ হতে হবে। আগ্রহী নারী উদ্যোক্তাগণকে আগামী ১৪-০৫-২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ টার মধ্যে তাঁদের আবেদনপত্রসহ উপস্থিত থাকার পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনপত্রের সাথে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও সত্যায়িত ০১ (এক) কপি ছবি দিতে হবে। উলেণ্ডখিত কোর্সটিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক আবেদনকারীদের একইদিন সকাল ০৯.৩০ মিনিটে অত্র ইনস্টিটিউটে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। উলেণ্ডখ্য, সাক্ষাৎকারের পর নির্বাচিত প্রার্থীগণকে ঐদিনই ১০০০/-(এক হাজার) টাকা হারে কোর্স ফি জমা দিতে হবে এবং একই দিনে সকাল ১০.০০ টা থেকে কোর্সে অংশগ্রহণ করতে হবে। এছাড়া ইনস্টিটিউটের নিজস্ব ডরমিটরীতে স্বল্প খরচে প্রশিক্ষণার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে।

**স্বাক্ষরিত/-**
**(প্রকৌশলী মোঃ আলমগীর চৌধুরী)**
সেক্রেটারী ইনচার্জ